

পরিপত্র

নম্বর: ৩৮.০০৮.০৩১.০০.০০.০২৩.২০১৪- ৪০

তারিখ: ১৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

Sustainable Development Goal-4 (SDG-4) অর্জনের জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাই জানার্জনের পাশাপাশি শিক্ষা কার্যক্রমের আওতায় পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব প্রাথমিক বিদ্যালয় গড়ে তোলার লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

২.০ শিক্ষার্থীদের ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও শ্রেণিকক্ষের পরিচ্ছন্নতা:

- ২.১ শিক্ষার্থীদেরকে পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাকে স্কুলে আসতে উৎসাহ প্রদান করতে হবে;
- ২.২ শিক্ষার্থীদেরকে পরিচ্ছন্ন স্কুল ব্যাগ এবং টিফিন বক্স ও পানির পাত্র ব্যবহারের জন্য উদ্বৃক্ষ করতে হবে;
- ২.৩ শ্রেণিকক্ষের সামনে প্রয়োজনীয় সংখ্যক ঢাকনাযুক্ত পাত্র (বিন) রাখতে হবে এবং এই সকল নির্ধারিত পাত্রে ময়লা আবর্জনা ফেলতে ছাত্রছাত্রীদের উৎসাহিত করতে হবে;
- ২.৪ বিদ্যালয় ছুটির পর আবশ্যিকভাবে ময়লা ফেলার পাত্রগুলো পরিষ্কার করে পরবর্তী দিনের জন্য ব্যবহার উপযোগী করে রাখতে হবে;
- ২.৫ শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে প্রবেশের পূর্বেই শ্রেণিকক্ষের চেয়ার-টেবিল-বেঞ্চ-ল্যাকবোর্ড-হোয়াইটবোর্ড ইত্যাদি পরিষ্কার রাখতে হবে;
- ২.৬ এ সব বিষয়গুলো নিয়মিত পর্যবেক্ষণের জন্য প্রতি শ্রেণিকক্ষে এক বা একাধিক Class Monitor মনোনয়ন দিতে হবে।

৩.০ সুপেয় পানি ও স্যানিটেশন :

- ৩.১ আবশ্যিকভাবে প্রতিটি বিদ্যালয়ে সুপেয় পানির ব্যবস্থা করতে হবে;
- ৩.২ সম্ভাব্য ক্ষেত্রে ছেলে ও মেয়েদের জন্য পৃথক পৃথক ওয়াশ রুকের ব্যবস্থা করতে হবে এবং পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখতে হবে;
- ৩.৩ প্রতিদিন ওয়াশ রুকের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;
- ৩.৪ উপরি-উক্ত বিষয়গুলো মনিটর করার জন্য শিক্ষার্থী ও শিক্ষকগণের সমন্বয়ে এক বা একাধিক মনিটরিং টিম গঠন করতে হবে।

৪.০ বিদ্যালয়ের বহিরাঙ্গনের পরিচ্ছন্নতা:

- ৪.১ খেলার মাঠ যথাসম্ভব পরিচ্ছন্ন ও খেলাধুলার উপযোগী রাখতে হবে;
- ৪.২ ময়লা-আবর্জনা ফেলার উপযুক্ত বৃহদাকার পাত্র (বিন) রাখতে হবে এবং তা নিয়মিত পরিষ্কার করার ব্যবস্থা রাখতে হবে;
- ৪.৩ বিদ্যালয়ের দেয়ালে নীতিবাক্য ছাড়া অন্য কোনো দেয়াল লিখন বন্ধ করতে হবে;
- ৪.৪ স্থান সংকুলান সাপেক্ষে বৃক্ষ রোপণের ব্যবস্থাসহ মৌসুমী ফুলের বাগান করতে হবে;
- ৪.৫ বিদ্যালয়ের বহিরাঙ্গনে সৌন্দর্য বৃক্ষের জন্য ফুলের টব স্থাপন করা যেতে পারে।

৫.০ সাস্থাহিক পরিচ্ছন্নতা কার্যক্রম:

- ৫.১ আগামী ৩১ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সংশ্লিষ্ট সকলকে আমন্ত্রণ জানিয়ে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রম উদ্বোধন করবেন;
- ৫.২ শিক্ষা কার্যক্রম ব্যাহত না করে প্রতি বৃহস্পতিবার বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষার্থী ও শিক্ষকগণের সহযোগিতায় বিদ্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় প্রশাসন এবং সুবী/অভিভাবকগণকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমন্ত্রণ জানাতে পারে;
- ৫.৩ পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়টি ক্লাস রুটিনে অন্তর্ভুক্ত করতে হবে;
- ৫.৪ এ কার্যক্রম সারা বছর অব্যাহত থাকবে।

৬.০ পুরস্কার প্রদান:

- ৬.১ শ্রেণিকক্ষ পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে যে শিক্ষার্থীদের অবদান বেশি তাদের স্বীকৃতি প্রদানের জন্য পুরস্কৃত করতে হবে;
- ৬.২ উপজেলা, জেলা ও বিভাগীয় প্রশাসন তাদের স্ব স্ব অধিক্ষেত্রে অবস্থিত শ্রেষ্ঠ পরিচ্ছন্ন প্রাথমিক বিদ্যালয় বাছাই করে পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে পারে।

৭.০ স্কাউট, গার্লস গাইড ও স্টুডেন্টস কাউন্সিল এর সহযোগিতা গ্রহণ:

স্বাস্থ্যসম্মত, পরিবেশবাদীর এবং পরিষ্কার-পরিচ্ছন্ন বিদ্যালয় গড়ে তোলার বিষয়ে স্ব স্ব বিদ্যালয়ের গার্লস গাইড, স্কাউট এবং স্টুডেন্টস কাউন্সিল এর সদস্যবৃন্দকে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করা যেতে পারে।

৮.০ অভিভাবকগুলির সহযোগিতা গ্রহণ:

প্রয়োজ্য ক্ষেত্রে মা/অভিভাবক সমাবেশে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য সচেতনতার বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ নিয়মিত আলোচনা করবে এবং এ বিষয়ে অভিভাবকদের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

৯.০ মনিটরিং ব্যবস্থা:

- ৯.১ এ কার্যক্রমকে টেকসই করার জন্য প্রয়োজ্য ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বিদ্যালয় ম্যানেজিং কমিটি এবং উপযুক্ত শিক্ষক-কর্মকর্তাগণের সমরয়ে মনিটরিং টিম গঠন করবে এবং নিয়মিত অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ করবে;
- ৯.২ উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকালে পরিচ্ছন্নতা সম্পর্কিত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ করবেন এবং পরিদর্শন প্রতিবেদনে তা লিপিবদ্ধ করবেন।

১০.০ পরিপত্র পালনে বাধ্যবাধকতা:

পরিপত্রে বর্ণিত বিষয়গুলো প্রতিপালনে ব্যর্থ প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১.০ কার্যকারিতা:

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো, যা ৩১ জানুয়ারি, ২০১৯ তারিখ থেকে কার্যকর হবে।

আকরাম-আল-হোসেন
২৮/০১/২০১৯

(মো: আকরাম-আল-হোসেন)

সচিব

নম্বর: ৩৮.০০৮.০৩১.০০.০০.০২৩.২০১৪- ৮০

তারিখ: ১৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
১৬. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
১৭. মহাপরিচালক, উপানুষানিক শিক্ষা বুরো, তেজগাঁও, ঢাকা।
১৮. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
১৯. জেলা প্রশাসক (সকল)।
২০. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২২. বিভাগীয় উপপরিচালক (সকল)।
২৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
২৪. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
২৬. সুপারিনেটেন্ডেন্ট, পিটিআই (সকল)।
২৭. উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল)।
২৮. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১৪০.৯৯.০০২.১৫-২৬(১১৪২)/১৫

তারিখ:

১৫ মার্চ ১৪২৫
২৮ জানুয়ারি ২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা বিভাগ (মূল পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল) (মূল পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ৩। সুপারিনিটেনডেন্ট, পিটিআই (সকল) (মূল পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল) (মূল পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ৫। ইন্স্ট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল), (মূল পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ৬। সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৯। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ১০। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ১১। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ১২। সংরক্ষণ নথি।

(নোঃ মাহবুব রহমান বিলাহ)
উপপরিচালক (পলিসি ও অপাঃ)

পক্ষে- মহাপরিচালক

ফোন: ৫৫০৭৪৯৭০